# বাগেরহাট পল্লী বিদ্যুৎ সমিতি

পোলঘাট, বাগেরহাট।

ফোন ঃ ০২৪৭৭৭৫১৬৫৬
E-mail : bagerhatpbs@yahoo.com
Website: www.pbs.bagerhat.gov.bd


স্মারক নং-২৭.১২.০১০৮.৫৩২.০১.০৩৮.২৩. ৪৫৯৭

তারিখঃ- ২৬ অগ্রহায়ণ, ১৪৩০ বঙ্গাব্দ
১১ ডিসেম্বর, ২০২৩ খ্রিষ্টাব্দ

## "আউট সোর্সিং পদ্ধতিতে জনবল সরবরাহের উন্মুক্ত দরপত্র বিজ্ঞপ্তি (OTM)"

বাগেরহাট পল্লী বিদ্যুৎ সমিতি'র নিজস্ব তহবিলের আওতায় আউট সোর্সিং পদ্ধতিতে সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ ( অথবা সর্বশেষ ঘোষিত নীতিমালা) অনুযায়ী সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ০৮ (আট) জন নিরাপত্তা প্রহরী নিয়োগের লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত আউট সোর্সিং জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নোক্ত বিবরণ ও শর্তাবলীতে উন্মুক্ত দরপত্র পদ্ধিতিতে ( এক ধাপ দুই খাম পদ্ধতি) নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

| দরপত্র নং ও প্যাকেজ নং | পদের নাম ও ক্যাটাগরী | দরপত্র দলিলের মূল্য অফেরৎযোগ্য (টাকা) | দরপত্রের নিরাপত্তা জামানত (টাকা) | দরপত্র দলিল (টেন্ডার ডকুমেন্ট) বিক্রয়ের স্থান ও সময়সূচী | দরপত্র গ্রহণের স্থান | দরপত্র গ্রহণ ও খোলার সময় সূচি |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| S-23-24.32.23-004 | আউট সোর্সিং পদ্ধতিতে (এক ধাপ দুই খাম পদ্ধতি) নিরাপত্তা প্রহরী নিয়োগ ০৮ (আট) জন (দরপত্র দলিলে বর্ণিত বিবরণ, শর্ত ও ছক অনুযায়ী) (পদ সংখ্যা কম/বেশি হতে পারে) (ক্যাটাগরী-০৫) | ১,৫০০/- | ১,৫০,০০০.০০ | বাগেরহাট পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর, পোলঘাট, বাগেরহাট<br><br>১২/১২/২০২৩ খ্রিঃ রোজ মঙ্গলবার হতে ২৬/১২/২০২৩ খ্রিঃ মঙ্গলবার অফিস চলাকালীন সময় পর্যন্ত | বাগেরহাট পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর, পোলঘাট, বাগেরহাট | **গ্রহণ**<br>বাগেরহাট পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর, পোলঘাট, বাগেরহাট<br>২৮/১২/২০২৩ খ্রিঃ রোজ বৃহস্পতিবার , বেলা ১১:০০ ঘটিকা পর্যন্ত<br>**খোলা**<br>বাগেরহাট পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর, পোলঘাট, বাগেরহাট<br>২৮/১২/২০২৩ খ্রিঃ রোজ বৃহস্পতিবার , বেলা ১১:০৫ ঘটিকা পর্যন্ত |

## শর্তাবলীঃ-

০১। আগ্রহী দরদাতাগণ অফিস সময়ে উল্লেখিত ঠিকানা হতে অতিরিক্ত তথ্য সংগ্রহ করতে পারবেন এবং দরপত্র বিজ্ঞপ্তি অত্র পবিসের **Website:- www. pbs.bagerhat.gov.bd** - এ দেখতে পারবেন।

০২। আগ্রহী দরদাতাগণ বাগেরহাট পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে যে কোন তফসীলি ব্যাংক হতে দরপত্র দলিলের মূল্য বাবদ উপরে বর্ণিত টাকার (অফেরতযোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতঃ বাগেরহাট পল্লী বিদ্যুৎ সমিতি এর জেনারেল ম্যানেজার বরাবর নিজস্ব লেটার হেড প্যাডে আবেদনের মাধ্যমে বাগেরহাট পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর পোলঘাট, বাগেরহাট হতে **আগামী ২৬/১২/২০২৩ খ্রিঃ** তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে দরপত্র দলিল সংগ্রহ করতে পারবেন।

০৩। দরপত্র **আগামী ২৮/১২/২০২৩ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার বেলা ১১.০০ ঘটিকার** অত্র সমিতির সদর দপ্তর, বাগেরহাট পল্লী বিদ্যুৎ সমিতি, পোলঘাট, বাগেরহাট এ দরপত্র দাখিল করতে হবে। দরপত্র **আগামী ২৮/১২/২০২৩ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার দুপুর ১১:০৫** ঘটিকায় বাগেরহাট পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তর, পোলঘাট, বাগেরহাট এ উপস্থিত দরদাতাগণের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে।

০৪। জনবল সরবরাহকারী দরদাতা কর্তৃক দুই সেট দর প্রস্তাব দাখিল করতে হবে। এক সেট হবে মূল দর প্রস্তাব ও অপর এক সেট হবে কপি যা মূল দর প্রস্তাবের অবিকল ফটোকপি। মূল দর প্রস্তাব ও কপি আলাদা খামে হবে। খামের উপর মূল দর প্রস্তাব ও কপি লিখতে হবে। মূল দর প্রস্তাব এর সাথে টেন্ডার ডকুমেন্ট ক্রয়ের রশিদ ও মূল টেন্ডার সিকিউরিটি সংযুক্ত করতে হবে এবং কপির সাথে ফটোকপি সংযুক্ত করতে হবে।

০৫। পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮, পবিস নির্দেশিকা ৩০০-৩৬ ও আউট সোর্সিং পদ্ধিতিতে সেবা গ্রহণ নীতিমালা'২০১৮ অনুযায়ী দরপত্র কার্যক্রম পরিচালিত হবে।

০৬। সকল দরপত্র দলিলের খামের উপর দরদাতার পূর্ণাঙ্গ ঠিকানা, দরপত্র নং ও নাম স্পষ্ট করে লিখতে হবে।

০৭। প্রতিটি দরপত্রের সাথে বাগেরহাট পল্লী বিদ্যুৎ সমিতির অনুকূলে যে কোন তফসীলি ব্যাংক হতে নিরাপত্তা জামানত বাবদ উপরে বর্ণিত টাকার (ফেরতযোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে।

০৮। আগ্রহী প্রতিষ্ঠানকে নিজস্ব পাডে সিডিউলে বর্ণিত ছক অনুসরণ পূর্বক সিলমোহরকৃত খামে দর প্রস্তাব দাখিল করতে হবে। প্রস্তাবের সাথে জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি, হালনাগাদ ট্রেড লাইসেন্স, ব্যাংক সলভেন্সি সনদ, ভ্যাট প্রদান ও আয়কর পরেশোধের প্রমাণক দাখিল করতে হবে। সেবাকর্মী সরবরাহের কমপক্ষে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতার সনদ জমা দিতে হবে।

০৯। বিগত ০৫ (পাঁচ) বছরের মধ্যে সম্পাদিত সকল চুক্তির বিপরীতে দর প্রস্তাবে চাহিত ন্যূনতম ৭০% জনবল সরবরাহের অভিজ্ঞতার প্রমাণক দাখিল করতে হবে।

১০। কমপক্ষে ০২ (দুই) টি প্রতিষ্ঠানে জনবল সরবরাহ কাজের সমাপ্তির প্রত্যয়ন পত্র ও বিগত ০৩ (তিন) বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে।

১১। সার্ভিস কমিশনের হার দরপত্রে উল্লেখিত মূল্যের ৫% এর কম হবেনা। বিধি মোতাবেক সার্ভিস কমিশন হতে AIT কর্তন করে অবশিষ্ট সার্ভিস কমিশন নির্বাচিত প্রতিষ্ঠানের ব্যাংক হিসাব প্রদান করা হবে।

১২। নির্বাচিত জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে ৩০০.০০ (তিনশত) টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদনের পর নিয়োজিত জনবল কাজ শুরু করতে পারবে। সেবা প্রদানকারী নামে নিয়োগপত্র ইস্যু করা হবে না।

১৩। ০৩ (তিন) বছরের জন্য চুক্তি সম্পাদন করা হবে। সেবা প্রদানকারীর সন্তোষজনক সেবা প্রদানের প্রেক্ষিতে এবং বাপবিবোর্ডের যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে পুনরায় চুক্তি নবায়ন করা যেতে পারে।

১৪। সেবা প্রদানকারীর সেবামূল্য তার নিজ নামীয় ব্যাংক হিসাবে সেবা ক্রয়কারী কর্তৃক প্রদেয় হবে।

১৫। দরপত্র সম্পর্কে কারো কোন জিজ্ঞাসা থাকলে/ব্যাখ্যার প্রয়োজন হলে উহা দরপত্র খোলার নির্ধারিত তারিখের কমপক্ষে ০৭ (সাত) দিন পূর্বে জেনারেল ম্যানেজার, বাগেরহাট পল্লী বিদ্যুৎ সমিতি, পোলঘাট, বাগেরহাট বরাবর অফিস চলাকালীন সময়ে লিখিতভাবে অনুরোধ জানাতে হবে।

১৬। বাগেরহাট পল্লী বিদ্যুৎ সমিতি কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

১৭। দরপত্র দলিলে উল্লেখিত শর্তাবলী অত্র দরপত্র বিজ্ঞপ্তির শর্ত বলে বিবেচিত হবে।

(সুশান্ত রায়)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)

অনুলিপি :-( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

০১। জেলা প্রশাসক, বাগেরহাট।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। পুলিশ সুপার, বাগেরহাট।
০৪। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, বাগেরহাট।
০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ------------------ পবিস ১/২/৩/৪।
০৬। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, বাগেরহাট।
০৭। ডিজিএম, সদর দপ্তর/ফকিরহাট/রামপাল/চিতলমারী/মোল্লাহাট/মোড়েলগঞ্জ জোনাল অফিস, বাপবিস।
০৮। এজিএম (ওএন্ডএম/সদস্য সেবা/অর্থ), বাপবিস।
০৯। সহকারী প্রকৌশলী, বাপবিবো, বাগেরহাট।
১০। এজিএম (আইটি), ওয়েব সাইটে প্রকাশের জন্য বলা হলো।
১১। নোটিশ বোর্ড/অফিস কপি/মাস্টারকপি।

(সুশান্ত রায়)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)

**"বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হই, অন্যকে ব্যবহারের সুযোগ দেই"**